

📃 আল-কামার | Al-Qamar | ٱلْقَمَر

আয়াতঃ ৫৪: ৪২

া আরবি মূল আয়াত:

كَذَّبُوا بِالْيِنَا كُلِّهَا فَاحَذَنْهُم اَخذَ عَزِيزٍ مُّقتَدرٍ ﴿٢٦﴾

তারা আমার সকল নিদর্শনকে অস্বীকার করল, অতএব আমি মহাপরাক্রমশালী, সর্বশক্তিমানের মতই তাদেরকে পাকড়াও করলাম। — আল-বায়ান

তারা আমার সকল নিদর্শনকে অস্বীকার করেছিল, তখন আমি তাদেরকে পাকড়াও করেছিলাম মহাপরাক্রমশালী ও ক্ষমতাবানের পাকড়াওয়ে। — তাইসিরুল

কিন্তু তারা আমার সকল নিদর্শন প্রত্যাখ্যান করল, অতঃপর পরাক্রমশালী ও সর্বশক্তিমান রূপে আমি তাদেরকে সুকঠিন শাস্তি দিলাম। — মুজিবুর রহমান

They denied Our signs, all of them, so We seized them with a seizure of one Exalted in Might and Perfect in Ability. — Sahih International

৪২. তারা আমাদের সব নিদর্শনে মিথ্যারোপ করল, সুতরাং আমরা মহাপরাক্রমশালী ও সর্বশক্তিমানরূপে তাদেরকে পাকড়াও করলাম।

তাফসীরে জাকারিয়া

- (৪২) তারা আমার সকল নিদর্শনকে মিথ্যাজ্ঞান করল।[1] অতঃপর পরাক্রমশালী ও সর্বশক্তিমানের পাকডাও করার মত আমি তাদেরকে পাকডাও করলাম।[2]
 - [1] সেই সব নিদর্শনাবলী যার মাধ্যমে মূসা (আঃ) ফিরআউন ও তার সম্প্রদায়কে ভয় দেখিয়েছিলেন। এগুলো মোট নয়টি নিদর্শন ছিল; যার আলোচনা পূর্বে করা হয়েছে।
 - [2] অর্থাৎ, তাদেরকে ধ্বংস করে দিলাম। কারণ, সে আযাব এমন পরাক্রমশালীর কঠিন পাকড়াও ছিল, যিনি প্রতিশোধ গ্রহণ করতে সক্ষম। আর তাঁর পাকড়াও থেকে কেউ বাঁচতে পারে না।

তাফসীরে আহসানুল বায়ান



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন